

# সূত্র

প্রিন্ট: ০১ ডিসেম্বর ২০২৫, ১০:০১ এএম

সারাদেশ

## ববির ৫ শিক্ষার্থীর বিরুদ্ধে র্যাগিংয়ের অভিযোগ



বরিশাল বুয়ে

প্রকাশ: ৩০ নভেম্বর ২০২৫, ১০:৫৬ পিএম



বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) পদার্থবিজ্ঞান বিভাগের সিনিয়র ৫ শিক্ষার্থীর বিরুদ্ধে একই বিভাগের এক নবীন শিক্ষার্থীকে অমানবিকভাবে র্যাগ দেওয়ার অভিযোগ উঠেছে।

বুধবার (২৬ নভেম্বর) ডেকে নিয়ে রূপাতলী হাউজিং এলাকায় এ ঘটনা ঘটানো হয়। এ ঘটনার বিচার চেয়ে ভুক্তভোগী শিক্ষার্থী রোববার (৩০ নভেম্বর) দুপুরে ববি উপাচার্য, প্রক্টর ও বিভাগের চেয়ারম্যান বরাবর তিনটি লিখিত অভিযোগ দিয়েছেন।

ভুক্তভোগী আল শাহারিয়ার মোহাম্মদ মুস্তাকিম মজুমদার পদার্থবিজ্ঞান বিভাগের ১১তম ব্যাচের শিক্ষার্থী।

অভিযুক্ত শিক্ষার্থীরা হলেন- নাফিজ ফারদিন আকন্দ স্বপ্নীল, মোহাম্মদ শামীম উদ্দিন, ইমন মাহমুদ, নেহাল আহমেদ ও মিরাজ। তারা একই বিভাগের ১০তম ব্যাচের শিক্ষার্থী।

অভিযোগপত্রে লেখা হয়েছে- গত বুধবার (২৬ নভেম্বর) রাত আনুমানিক ৮টার দিকে আমাদের ইমিডিয়েট সিনিয়রদের নির্দেশে রূপাতলী হাউজিং মাঠে উপস্থিত হই। আমরা মোট ২৮ জন শিক্ষার্থী সেখানে উপস্থিত ছিলাম। পরে তারা আমাদেরকে রাত সাড়ে ৯টার বাসে করে টোল প্লাজার নিকট অবস্থিত ইমিডিয়েট সিনিয়র নেহাল ভাইয়ের বাসায় নিয়ে যায়। এরপর সেখানে আটকে রেখে র্যাগিংয়ের নামে নানাভাবে নির্যাতন চালানো হয়।

অভিযুক্ত শিক্ষার্থীদের একজন মোহাম্মদ শামীম উদ্দিন বলেন, আমরা জুনিয়রদের নিয়ে পিকনিক করছিলাম। ওখানে একটু রাগারাগি হইছে। র্যাগ দেওয়া হয়নি।

ববি উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ তৌফিক আলম বলেন, আমরা অভিযোগ পেয়েছি। র্যাগিংয়ের বিষয়ে আমরা জিরো টলারেন্স। আমরা একটি তদন্ত কমিটি গঠন করব। তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে।